শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

জানুয়ারী-মার্চ ২০২৪ সংখ্যা

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা



## অগ্নিঝরা মার্চ- বাঙালির অহংকার

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা
**জানুয়ারী-মার্চ ২০২৪ সংখ্যা**


### উপদেষ্টামন্ডলী

**প্রকৌঃ মোঃ আব্দুস সামাদ**
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ হারুন অর রশীদ**
নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**এস. এম. হাবীবুর রহমান সিদ্দিক**
নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মামুনুর রহমান মন্ডল**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

### প্রকাশক

**কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল**

### সম্পাদক

বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

### সমন্বয়ক

**প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

### সহকারী সম্পাদক

**আখতার মাহমুদ**
উপ-ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল

NORTH-WEST POWER GENERATION COMPANY LIMITED

**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
**ফোন:** ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
**ওয়েবসাইট:** www.nwpgcl.gov.bd
**ফেইসবুক পেইজ:**
https://www.facebook.com/NWPGCL/


## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিতভাবে বিভিন্ন প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ এবং বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা 'এনডব্লিউপিজিসিএল বার্তা' এর ২০২৩-২০২৪ অর্থবছরের ৩য় সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান-২০১৬ অনুযায়ী ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে। সরকারের এ সকল লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সাম্প্রতিককালে বৈশ্বিক জ্বালানি সংকট জ্বালানি সংকট মোকাবেলায় বাংলাদেশ সরকার নানান বাস্তবমুখী উদ্যোগ নিয়েছে যা প্রশংসনীয়। সর্বাবস্থায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে কাজ করে চলছে। এ কারণে জ্বালানি সংকট সত্ত্বে নানামুখী পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত রেখেছে অত্র কোম্পানি। 'এনডব্লিউপিজিসিএল বার্তা' নিয়মিতভাবেই কোম্পানির কর্মকাণ্ড ও অগ্রগতির চিত্র জনগণের সামনে তুলে ধরবে। অগ্নিঝরা মার্চে এনডব্লিউপিজিসিএল বার্তা এর ২০২৩-২০২৪ অর্থবছরের ৩য় সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। সকলকে শুভেচ্ছা।

**সম্পাদক**
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

# স্বাগত বক্তব্য




**প্রকৌ. কাজী আবসার উদ্দীন আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, এনডব্লিউপিজিসিএল**

অগ্নিঝরা এ মার্চে আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, এবং স্বাধীনতার যুদ্ধের বীর মুক্তিযোদ্ধাদের।

মার্চ মাস বাঙালির অহংকারের মাস। এ মাসটি বাঙালির নিকট নানাদিক দিয়েই গুরুত্বপূর্ণ কেননা এ মাসের ১৭ তারিখ পালিত হয়েছে জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী। এছাড়া, ১৯৭১ এর ৭ই মার্চ জাতির পিতা এ দেশকে পাকিস্তানি হানাদার বাহিনীর কবল থেকে মুক্ত করার জন্য তার অমর ভাষণটি দেন। যা বাঙালিকে উদ্বুদ্ধ করে সর্বাত্মকভাবে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে স্বাধীনতা ছিনিয়ে আনতে।

২৫শে মার্চের কালরাত্রিতে পাকিস্তানি হানাদার বাহিনী এদেশের নিরীহ মানুষের ওপর ঝাঁপিয়ে পড়লে ২৬শে মার্চ তারিখে রাত্রির প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অবশেষে চূড়ান্তভাবে স্বাধীনতার ঘোষণা দেন। এ ধারাবাহিকতায় দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করে।

আমি অত্যন্ত আনন্দিত যে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরে ‘এনডব্লিপিজিসিএল বার্তা’ এর ৩য় সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন এবং সাফল্যের চিত্রও জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়েছে। ‘এনডব্লিপিজিসিএল বার্তা’র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহণের মাধ্যমে উপকৃত হবেন। এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগনের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি।

পরিশেষে, আমি ‘এনডব্লিপিজিসিএল বার্তা’ এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি এবং এর সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

# সূচীপত্র

## কোম্পানি সংক্রান্ত তথ্য

কোম্পানি পরিচিতি  ৬

এক নজরে কোম্পানির কার্যক্রম  ৭

## জাতীয় দিবস উদযাপন

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন ৯

ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন ১০

জাতির পিতার ১০৪-তম জন্মবার্ষিকী উদযাপন ১২

মহান স্বাধীনতা দিবস উদযাপন ১৩

## বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

এনডব্লিউপিজিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের রূপসা প্রকল্প পরিদর্শন ১৪

## বিদ্যুৎ কেন্দ্র সংক্রান্ত তথ্য

সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র ১৩

খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র ১৬

ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র ১৮

## কোম্পানির অন্যান্য সংবাদ

এনডব্লিউপিজিসিএল এর পরিচালনা পর্যদের বিদায়ী পরিচালককে সম্বর্ধনা ও নতুন সম্মানিত সদস্যকে বরণ ২১

এনডব্লিউপিজিসিএল ও বিসিপিসিএল এর বার্ষিক বনভোজন ২২

তথ্য অধিকার বিষয়ক কর্মশালা আয়োজন ২৩

এনডব্লিউপিজিসিএল-বিসিপিসিএল স্পোর্টস ইভেন্ট ২৫

# কোম্পানি পরিচিতি

দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে।

কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ০৯ (নয়) টি বিদ্যুৎ কেন্দ্রের নেট উৎপাদন ক্ষমতা ৩০৬৩.১৩ মেঃওঃ। অল্প সময়ে কোম্পানির এরূপ আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে। বর্তমানে কোম্পানির বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের নেট উৎপাদন ক্ষমতা ৩৫০৬.৫৫ মেঃওঃ এবং ভবিষ্যত প্রকল্প সমূহের সম্ভাব্য নেট উৎপাদন ক্ষমতা ২৯৩০.৩২ মেঃওঃ। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে।

আশা করা যায়, ২০৩০ সালের মধ্যে কোম্পানি ৯,৫০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান, বিপিএএ, সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন প্রকৌশলী কাজী আবসার উদ্দীন আহমেদ। তাঁদের দৃঢ় ও গতিশীল নেতৃত্বে কোম্পানি এগিয়ে চলছে।

# এক নজরে কোম্পানির কার্যক্রম

## বিদ্যুৎ কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২<br>কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪ |
| ২ | খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২৩০ | সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩<br>কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬ |
| ৩ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১০ | সিম্পল সাইকেল: মে ২০১৭<br>কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭ |
| ৪ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | ফেব্রুয়ারী ২০১৮ |
| ৫ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | সিম্পল সাইকেল: আগস্ট ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯ |
| ৬ | মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র | এইচএফও | ১০৫ | এপ্রিল ২০১৯ |
| ৭ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | সিম্পল সাইকেল: অক্টোবর ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯ |
| ৮ | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | কয়লা | ১২৪৪ | **১ম ইউনিটঃ** মে, ২০২০<br>২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০ |
| ৯ | সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | --- | ৬.১৩ | ৩০ মার্চ ২০২১ |
| | | **বর্তমানে মোট নেট উৎপাদন ক্ষমতা** | **৩০৬৩.১৩ মেঃওঃ** | |

## বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ

| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | সম্ভাব্য বাণিজ্যিক উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (২য় পর্যায়) (যৌথ মালিকানা) | কয়লা | ১২৪৪ | ১ম ইউনিট: নভেম্বর ২০২৫<br>৪র্থ ইউনিট: এপ্রিল ২০২৬ |
| ২. | রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৮৮০ | ১ম ইউনিট: সেপ্টেম্বর ২০২৪<br>২য় ইউনিট: মার্চ ২০২৫ |
| ৩. | পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (১ম পর্যায়) | এলএনজি | ১২০০ | ডিসেম্বর, ২০২৭ |
| ৪. | সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রজেক্ট (যৌথ মালিকানা) | সোলার | ৬৮ | জুন, ২০২৪ |
| ৫. | পাবনা ৬০ মেঃওঃ সোলার পার্ক প্রজেক্ট (যৌথ মালিকানা) | সোলার | ৬৪.৫৫ | ডিসেম্বর, ২০২৩ |
| ৬. | পায়রা ২০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | উইন্ড | ২০ | ডিসেম্বর, ২০২৫ |
| ৭. | কুড়িগ্রাম ৪৪.৮ মেঃওঃ সোলার পার্ক প্রজেক্ট (যৌথ মালিকানা) | সোলার | ৪৪.৮ | জুন ২০২৬ |
| | | **মোট উৎপাদন ক্ষমতা** | **৩৫২১.৩৫** | |

## ভবিষ্যৎ প্রকল্পসমূহ

| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিক উৎপাদনের সম্ভাব্য তারিখ |
|---|---|---|---|---|
| ১. | পায়রা ১০০ মেঃওঃ সোলার পার্ক প্রজেক্ট (যৌথ উদ্যোগ) | সোলার | ৪০ | জুন ২০২৬ |
| ২. | পায়রা ৩০ মেঃওঃ উইন্ড পাওয়ার প্লান্ট প্রজেক্ট (২য় পর্যায়) (যৌথ উদ্যোগ) | উইন্ড | ৩০ | জুন ২০২৭ |
| ৩. | হেমায়েতপুর ৩৫ মেঃওঃ সোলার পার্ক প্রজেক্ট (যৌথ উদ্যোগ) | সোলার | ৩৫ | ডিসেম্বর ২০২৬ |
| ৪. | পায়রা এলএনজি টু পাওয়ার প্রজেক্ট (২য় পর্যায়) | এলএনজি | ১২০০ | জুন, ২০৩০ |
| ৫. | পায়রা এলএনজি টু পাওয়ার প্রজেক্ট (৩য় পর্যায়) | এলএনজি | ১২০০ | জুন, ২০৩৩ |
| | **মোট ক্ষমতা** | | **২৫০৫ মেঃওঃ** | |

# আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

মাতৃভাষা মানুষের জীবনের অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এ ভাষায় মানুষ কথা বলে, নিজের আবেগ অনুভূতি প্রকাশ করে। মায়ের ভাষায় কথা বলার অধিকার মানুষের সহজাত অধিকারসমূহের মধ্যে একটি। কিন্তু একসময় পাকিস্তানিরা আমাদের এ মাতৃভাষাকে কেড়ে নিতে চেয়েছে। উর্দুকে করতে চেয়েছে আমাদের রাষ্ট্রীয় ভাষা। এর প্রতিবাদে বাঙালি ছাত্রসমাজ ফুঁসে উঠেছিল। ১৯৫২ সালের ২১-এ ফেব্রুয়ারি মাতৃভাষার মর্যাদা রক্ষায় জীবন দিয়েছিল বরকত, সালাম, রফিক, শফিক, জব্বার এবং আরও অনেকে। তাদের সেই আত্মত্যাগের বিনিময়ে তৎকালীন শাষকগোষ্ঠী বাংলাকেই রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিতে বাধ্য হয়। এ প্রেক্ষিতে, পরবর্তীতে একুশে ফেব্রুয়ারি ‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ হিসেবে স্বীকৃতি লাভ করে। ২১ ফেব্রুয়ারী ২০২৪ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর পক্ষ থেকে এ দিনটিকে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়।



**সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র**



**খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র**



**ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র**



**মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র**

# ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন

৭ই মার্চ বাঙালির জেগে ওঠার দিন। এ দিন লাখ লাখ মুক্তিকামী মানুষের উপস্থিতিতে তৎকালীন রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘোষণা করেন—**'রক্ত যখন দিয়েছি রক্ত আরো দেব, এ দেশের মানুষকে মুক্ত করে ছাড়ব ইনশাআল্লাহ। এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।'** তাঁর এ বজ্রকণ্ঠ দাবানলের মতো ছড়িয়ে পড়ে সারা দেশে।

৭ই মার্চের ভাষণ আর বাঙালির স্বাধীনতা ওতপ্রোতভাবে জড়িত। এই ঐতিহাসিক ঘোষণার মধ্যে যেমন দেশের স্বাধীনতার কথা ছিল, তেমনি ছিল বাঙালির মুক্তি ও অধিকার আদায়ের বাসনা। ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ উপলক্ষে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন ও এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহের পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন, বর্ণাঢ্য র‍্যালিতে অংশগ্রহণ, বিদ্যুৎ কেন্দ্রে জাতীয় পতাকা উত্তোলন, দোয়া মাহফিল আয়োজন এবং ব্যানার প্রদর্শনের মাধ্যমে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়।



**কর্পোরেট অফিস, এনডব্লিউপিজিসিএল এর পক্ষ থেকে বিদ্যুৎ ভবন, ঢাকায় পুষ্পস্তবক অর্পণ**



**সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র**




**ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে র‍্যালি**




**খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র**



**ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র**



**মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র**



**পতাকা উত্তোলন**



**আলোকসজ্জা**



**দোয়া মাহফিল**

# জাতির পিতার ১০৪-তম জন্মবার্ষিকী উদযাপন

১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জের গ্রাম টুঙ্গিপাড়ায় স্বাধীন বাংলাদেশের স্থপতি, বাঙালি জাতির অবিসংবাদিত এই নেতা এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। মা-বাবা তাঁকে আদর করে ডাকতেন খোকা বলে। ছোট্ট সেই খোকা একদিন হয়ে উঠলেন বাঙালির সবচেয়ে বড় আশা-ভরসার প্রতীক। ক্রমেই তিনি খোকা থেকে হয়ে উঠলেন বঙ্গবন্ধু এবং জাতির পিতা, স্বাধীন সার্বভৌম বাংলাদেশের মহান স্থপতি। জাতির পিতার ১০৪-তম জন্মবার্ষিকীতে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড নিয়েছে নানান উদ্যোগ। এ দিন উপলক্ষে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয় ও দোয়ামাহফিল আয়োজন করা হয়।



কর্পোরেট অফিস, এনডব্লিউপিজিসিএল এর পক্ষ থেকে বিদ্যুৎ ভবন, ঢাকায় পুষ্পস্তবক অর্পণ




সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র




র্যালি



খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র



পতাকা উত্তোলন



আলোকসজ্জা



দোয়া মাহফিল

# মহান স্বাধীনতা দিবস ২০২৪ উদযাপন

একাত্তরের ২৫ মার্চ কালরাত্রিতে পাকিস্তানি হানাদার বাহিনী বাঙালিদের ওপর আচমকা গণহত্যা চালায়। যার নাম দেয় ‘অপারেশন সার্চলাইট’। গণহত্যা শুরুর পরপরই বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হানাদার বাহিনী গ্রেফতার করে। গ্রেফতারের পূর্বে বঙ্গবন্ধু ২৬ মার্চ রাতের প্রথম প্রহরে ঢাকায় বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। তিনি বাংলাদেশের স্বাধীনতা ঘোষণার পাশাপাশি যে কোনো মূল্যে শত্রুর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার নির্দেশনা দেন। মুহূর্তের মধ্যেই বঙ্গবন্ধুর এ ঘোষণা ওয়্যারলেসের মাধ্যমে দেশে-বিদেশে ছড়িয়ে দেয়া হয়। তাঁর এ ঘোষণায় উজ্জীবিত হয়ে সর্বাত্মকভাবে বাঙালি পাকিস্তানি হানাদারদের বিরুদ্ধে যুদ্ধ শুরু করে। মহান স্বাধীনতা দিবস উপলক্ষে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন ও এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহের পক্ষ থেকে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপিত হয়।



সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র



খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র

## এনডব্লিউপিজিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের রূপসা বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প পরিদর্শন

গত ০৯ই মার্চ ২০২৪ এ নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের সম্মানিত ব্যাবস্থাপনা পরিচালক জনাব প্রকৌশলী কাজী আফসার উদ্দিন আহমেদ নির্মাণাধীন রূপসা ৮০০ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প পরিদর্শনে আসেন। এসময়ে প্রকল্পের গুরুত্বপূর্ণ স্থাপনা পরিদর্শন করেন যেমন- ট্রান্সমিশন লাইন, WTP (Water Treatment Plant), Substation, Power Block সহ অন্যন্যা স্থাপনা। প্রকল্পে কাজের অগ্রগতি নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং বিদ্যমান সমস্যা সমাধানে দিকনির্দেশনা প্রদান করেন।

এসময় নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের নির্বাহী পরিচালক (প্রকৌশল) জনাব প্রকৌশলী আব্দুস সামাদ, নির্বাহী পরিচালক (অর্থ) জনাব এস. এম. হাবীবুর রহমান সিদ্দিক, Mr. Engr. Wang Kaming, Project Manager (Power Block), SEC, Mr Mayank Parasar, Project Manager (Transmission Line), L&T সহ প্রকল্পের প্রকৌশলীরা উপস্থিত ছিলেন।









সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-১) এর গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র

# Maintenace Report from January to March-2024

## স্টিম টারবাইন কুলিং টাওয়ারের গিয়ার বক্সের ওভারহোল সম্পন্নকরণ :

সিরাজগঞ্জ ২২৫ মেগাওয়াট সিসিপিপি (ইউনিট-১)-এর যান্ত্রিক রক্ষণাবেক্ষণ বিভাগের প্রকৌশলী এবং প্রযুক্তিগত কর্মীদের সম্মিলিত প্রচেষ্টায় স্টিম টারবাইন কুলিং টাওয়ারের গিয়ার বক্সের (সেল-৪) ওভারহল সফলভাবে সম্পন্ন হয়েছে। এ ধরনের কাজ OEM-এর বিশেষজ্ঞের মাধ্যমে সম্পন্ন করা হলে যথেষ্ট অর্থের প্রয়োজন হত। কিন্তু কোম্পানির নিজস্ব জনবল দ্বারা উল্লিখিত কাজটি সম্পূর্ণ করার কারণে, কোম্পানির একটি বড় অঙ্কের আর্থিক খরচ বাঁচানোর পাশাপাশি নিজস্ব জনবলের দক্ষতা অনেকাংশে উন্নীত করা সম্ভব হয়েছে।









**চিত্র: স্টিম টারবাইন কুলিং টাওয়ারের গিয়ার বক্সের ওভারহোল কাজ**

## GBC CCCW Pump-এর ওভারহোল সম্পন্নকরণ:

সিরাজগঞ্জ ২২৫ মেগাওয়াট সিসিপিপি (ইউনিট-১)-এর যান্ত্রিক রক্ষণাবেক্ষণ বিভাগের প্রকৌশলী এবং প্রযুক্তিগত কর্মীদের সম্মিলিত প্রচেষ্টায় GBC CCCW Pump-এর ওভারহল সফলভাবে সম্পন্ন হয়েছে।

ওভারহোল-এর সময় দেখা যায়, Pump Shaft-টি বিভিন্ন স্থানে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এমতাবস্থায়, প্রকৌশলীরা একটি নতুন Shaft দ্বারা পুরানো Shaft-টি প্রতিস্থাপন করার সিদ্ধান্ত নেয়। কিন্তু, ভাণ্ডারে উল্লিখিত Shaft-টি না থাকার কারণে, Reverse Engineering-এর মাধ্যমে আমাদের প্রকৌশলীদের তত্ত্বাবধানে প্ল্যান্ট ওয়ার্কশপে উল্লিখিত Shaft-টি তৈরি করা হয়। Pump Shaft-এর পাশাপাশি, বিভিন্ন খুচরা যন্ত্রাংশ যেমন-বিয়ারিং, মেকানিক্যাল সীল, ওয়েল সীল ইত্যাদি প্রয়োজন অনুসারে পরিবর্তন করা হয়েছে।




**চিত্র: GBC CCCW Pump-এর ওভারহোল ওভারহোল কাজ**

## স্টিম টারবাইন মেইন ট্রান্সফামারের LV bushing-এর ক্ষতিগ্রস্থ Oil Seal প্রতিস্থাপনঃ

সিরাজগঞ্জ ২২৫ মেগাওয়াট সিসিপিপি (ইউনিট-১)-এর তড়িৎ রক্ষণাবেক্ষণ বিভাগের প্রকৌশলী, নিজস্ব প্রযুক্তিগত কর্মী এবং এনার্জিপ্যাক এর বিশেষজ্ঞের সম্বনয়ে স্টিম টারবাইন মেইন ট্রান্সফামারের LV bushing-এর ক্ষতিগ্রস্থ Oil Seal প্রতিস্থাপন সফলভাবে সম্পন্ন হয়েছে।

Oil Seal material aging এর কারনে ক্ষতিগ্রস্থ হয়েছিল, ফলে joint দিয়ে অনবরত oil লিক করত। নিজস্ব জনবলের পাশাপাশি এনার্জিপ্যাক এর সহয়তা নিয়ে ক্ষতিগ্রস্থ Oil Seal নতুন Oil Seal দ্বারা প্রতিস্থাপনের কাজটি সফলভাবে সম্পন্ন হয়েছে।



চিত্র: Oil seals replacing

খুলনা ২২৫ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রে সম্প্রতি নিম্নোক্ত সংরক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়ঃ

১। **বিদ্যুৎ কেন্দ্রের বিভিন্ন Scheduled এবং Preventive Maintenance কার্যক্রমঃ**

অত্র বিদ্যুৎ কেন্দ্রে পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন Schedule এবং Preventive Maintenance কার্যক্রম পরিচালনা করা হয়। নিম্নে কিছু উল্লেখযোগ্য কাজের চিত্র তুলে ধরা হলঃ



*Figure 1. Degassigier pump এর alignment কার্যক্রম চলমান।*



*Figure 2. Schedule Maintenance এর অংশ হিসেবে Raw water make up pump এর vibration measurement এর কাজ চলছে।*



*Figure 3.  Electric Firefighting pump এর Overhauling কার্যক্রম চলমান।*




*Figure 4.  Acid Storage tank এর transfer pump suction line modification এর কাজ চলছে।*

৩। **বিদ্যুৎ কেন্দ্রের বিভিন্ন Breakdown Maintenance কার্যক্রমঃ**





*Figure 5,6. CW Pump এর Overhauling কার্যক্রম এবং reinstallation এর কিছু চিত্র।*



*Figure 7. Firefighting water supply line এর একটি deluge valve এর passing rectification এর জন্য diaphragm এর internal condition checking এর কাজ চলছে।*



*Figure 8. HSD Purifier to 5M storage tank-1 treated line manual valve এর passing এর সমস্যা সমাধান শেষে fitting এর কাজ চলছে।*



*Figure 9. CW pump discharge valve এর hydraulic actuator এর সংরক্ষণ কাজ চলছে।*




*Figure 10. একটি submersible pump এর সংরক্ষণ কাজ পরবর্তী fitting এর কাজ চলছে।*

## ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংরক্ষণ কাজের তথ্যাদি ও স্থিরচিত্র

**ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপি এর সার্বিক কার্যক্রমের সচিত্র তথ্যাবলী:**


| কাজের বিবরণ |
|---|
| ১। GTG ও STG জেনারেটর এর layer short check করার নিমিত্তে MELCO ও NWPGCL এর ভেড়ামারা টিমের সমন্বয়ে "Pole Balance test" করা হয়। |



চিত্র-১ : GTG ও STG এর Pole Balance test।

| কাজের বিবরণ |
|---|
| ২। ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপির HRSG এবং WTP এর অন্তর্ভুক্ত বিভিন্ন MOV, SOV এবং অন্যান্য Control valve এবং তৎসংশ্লিষ্ট Actuator এর নৈমিত্তিক সংরক্ষণ কাজ করা হয়েছে। এছাড়া এ সমস্ত ভালভ এর Stroke check করে valve functional কিনা তা দেখা হয়েছে এবং ত্রুটিপুর্ণ কয়েকটি ভালভের troubleshooting কাজ সম্পন্ন করে সেগুলো সচল করা হয়েছে। |





চিত্র-২.১ : WTP সিস্টেমে SOV এর troubleshooting ।

চিত্র-২.২ : HRSG সিস্টেমে MOV এর troubleshooting।

## কাজের বিবরণ

৩। বিদ্যুৎ কেন্দ্রে স্থাপিত বিভিন্ন Fire Detection and Alarm System এর নৈমিত্তিক সংরক্ষণ কাজ করা হয়েছে। Dormitory Fire Alarm System এর ক্যাবলে শর্ট সার্কিট খুঁজে বের করা হয়েছে এবং আরো বেশ কিছু ত্রুটিপূর্ণ ডিভাইস শনাক্ত করে ত্রুটি মেরামত এবং ডিভাইস পরিবর্তনের মাধ্যমে উক্ত সিস্টেম সচল করা হয়। Warehouse Fire Detection and Alarm Sytem এর প্যানেলসহ বেশ কিছু Loop ত্রুটিপূর্ণ হয়ে পড়লে উক্ত সিস্টেমের troubleshooting কাজ সম্পন্ন করে ত্রুটিপূর্ণ পাওয়ার সাপ্লাই পরিবর্তন করা হয়। এছাড়া লুপের শর্ট সার্কিট, ওপেন সার্কিট ইত্যাদি ত্রুটি অপসারণের করা হয়েছে। এছাড়াও BOP Fire Detection and Alarm System এর বার্ষিক নৈমিত্তিক কাজ করা হয়েছে।






চিত্র-৩.১ : Fire Panel এর troubleshooting ।

চিত্র-৩.২ : Manual Call Point এর troubleshooting

| কাজের বিবরণ | |
|---|---|
| ৪। HP BFP পাম্পের Overhauling এর সময় পাম্পটি Dismantle করে বিভিন্ন পয়েন্টে clearance measure করা হয় এবং পুনরায় assembly ও Commissioning করা হয়। এছারা, GT এর চতুর্থ স্টেজের ব্লেডের Visual inspection করা হয়। | |
| <br>চিত্র-৪.১ : HP BFP পাম্পের Overhauling । | <br>চিত্র-৪.২ : GT Visual inspection |

# এনডব্লিউপিজিসিএল এর পরিচালনা পর্ষদের বিদায়ী পরিচালককে সম্বর্ধনা ও নতুন সম্মানিত সদস্যকে বরণ

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) এর পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালক ও যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ জনাব মোঃ ওসমান গনি এর বিদায় উপলক্ষে ১৯ ফেব্রুয়ারী ২০২৪ ইং তারিখে পরিচালনা পর্ষদের পক্ষ থেকে তাকে ফুল, ক্রেস্ট ও সম্মাননা পত্র প্রদান করা হয়। তাঁর স্থলে জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা-কে এনডব্লিউপিজিসিএল-এর পরিচালনা পর্ষদের নতুন পরিচালক হিসেবে ফুলেল শুভেচ্ছার মাধ্যমে বরণ করা হয়।









# এনডব্লিউপিজিসিএল ও বিসিপিসিএল-এর বার্ষিক বনভোজন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) ও বাংলাদেশ-চায়না পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (বিসিপিসিএল) এর যৌথ উদ্যোগে কর্মকর্তা/কর্মচারীদের বিনোদন এবং কর্মকর্তা-কর্মচারী সবার মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গড়ে তোলার নিমিত্ত গত ০২ মার্চ, ২০২৪ তারিখ রোজ শনিবার শালদহ ইকো রিসোর্ট, গাজীপুর-এ বার্ষিক বনভোজন আয়োজন করা হয়। এনডব্লিউপিজিসিএল ও বিসিপিসিএল এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য বনভোজনের দিন ছিল নানান আয়োজন। ছিল খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সুইমিংপুলে প্রাণ জুড়িয়ে সাতার কাটার ব্যবস্থা। সবচেয়ে বড় আকর্ষণ ছিল র‍্যাফেল ড্র অনুষ্ঠান। র‍্যাফেল ড্র-এর আকর্ষণীয় পুরস্কারগুলো ছিল- ১.৫ টনের এসি, ঢাকা-কক্সবাজার-ঢাকা কাপল এয়ার টিকেট, ওয়াশিং মেশিন এবং ডিনার সেট। এ দিনটিতে সকলেই আনন্দমুখর পরিবেশে দারুণভাবে উপভোগ করে।

**বনভোজনের কিছু আনন্দঘন মুহূর্ত**

























# তথ্য অধিকার বিষয়ক কর্মশালা আয়োজন





তথ্য অধিকার আইনের কার্যকর লক্ষ্যমাত্রা অর্জন নির্ভর করে সকল অংশীদার নাগরিক, সরকার, তথ্য কমিশন ও প্রতিষ্ঠানগুলোর সক্রিয় ভূমিকা ও অংশগ্রহণের মাধ্যমে। এ আইন প্রয়োগের মাধ্যমে সরকার জনগণকে তথ্য চাইতে উৎসাহিত করে। তাই কী প্রক্রিয়ায় তথ্য চাইতে হয় সেজন্য সচেতনতা গড়ে তোলা অপরিহার্য।

পাশাপাশি আইনের বাস্তবায়নের ক্ষেত্রে সরকার, সুশীল সমাজ, বেসরকারি সংগঠন এবং গণমাধ্যমকে সমন্বিত উদ্যোগ নেওয়ার মধ্য দিয়ে এগিয়ে আসতে হবে। তথ্য অধিকার আইনের একটি শক্তিশালী বিধান হলো, সরকারি কর্তৃপক্ষগুলো সর্বোচ্চ পরিমাণ তথ্য জনসমক্ষে প্রকাশ করবে স্বতঃপ্রণোদিতভাবে। অর্থাৎ নাগরিক বা সাংবাদিকদের চাওয়ার অপেক্ষায় না থেকে সরকারি কর্তৃপক্ষগুলো নিজ নিজ দপ্তরের কাজকর্ম–সম্পর্কিত অধিকাংশ তথ্য নিজ নিজ ওয়েবসাইটে এবং অন্যান্য মাধ্যমে জনসমক্ষে প্রকাশ করবে এবং নাগরিকদের তরফ থেকে যেকোনো তথ্যের চাহিদা মেটানোর জন্য আন্তরিকভাবে প্রস্তুত থাকবে; জনগণের প্রশ্নের উত্তর দিতে অস্বীকৃতি জানাবে না; বরং প্রশ্নের উত্তরের পাশাপাশি আনুষঙ্গিক আরও তথ্য-উপাত্ত সরবরাহ করবে। সকল পর্যায়ের মানুষের মধ্যে তথ্য অধিকার আইনের মর্মকথা সঠিকভাবে উপলব্ধির নিমিত্ত তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী সরকারের লক্ষ্য হলো তথ্যের মালিক যে জনগণ তা নিশ্চিত করা এবং তথ্য গোপন রাখার অধিকার যে সরকারের কোনো কর্তৃপক্ষের নেই, এ বিষয় সচেতনতা তৈরি করা। এ প্রেক্ষিতে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড জনগণের নিকট তথ্য সরবরাহে বদ্ধ পরিকর এবং তথ্য যে মানুষের অধিকার সে বিষয়ে জনচেতনতা সৃষ্টির লক্ষ্যে কর্মশালা আয়োজন করা হয়।

কোম্পানির ২০২৩-২৪ অর্থ বছরের এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী কোম্পানির তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কোম্পানি সচিবালয়ের ওপর ন্যস্ত রয়েছে। এ প্রেক্ষিতে, কোম্পানি সচিবালয়ের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে তথ্য সরবরাহের বাধ্যবাধকতা বিষয়ে অবহিত করণ এবং জনসাধারণের

তথ্য পাওয়ার অধিকারের বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে কোম্পানি সচিবালয় কর্তৃক স্টেকহোল্ডার ও নানান স্তরের কর্মকর্তাবৃন্দের জন্য গত ১৯ মার্চ ২০২৪ তারিখে একটি কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় তথ্য অধিকার আইন অনুসারে তথ্য প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠানসমূহের দায়িত্ব ও কর্তব্য সমূহও সকলের সামনে তুলে ধরা হয়। বিদ্যুৎ বিভাগের যুগ্ম সচিব জনাব মোঃ জাহিদুল ইসলাম উক্ত কর্মশালায় যোগদান করেন এবং তথ্য অধিকার আইনের বিভিন্ন বিষয়ের ওপর আলোকপাত করেন। উল্লেখ্য, বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাগণ এবং স্টেকহোল্ডারগণ অনলাইন ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে আলোচ্য কর্মশালায় অংশগ্রহণ করেন।

# এনডব্লিউপিজিসিএল-বিসিপিসিএল স্পোর্টস ইভেন্ট

২৬-২৭ জানুয়ারি, ২০২৪ তারিখে পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্রে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) ও বাংলাদেশ-চাদয়না পাওয়ার কোম্পানি (প্রা.) লিমিটেড (বিসিপিসিএল) এর মধ্যে ফুটবল, ক্রিকেট ও ব্যাডমিন্টন প্রতিযোগিতার আয়োজন করা হয়। উক্ত আয়োজনে এনডব্লিউপিজিসিএল ও বিসিপিসিএল এর সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ স্বতস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

এনডব্লিউপিজিসিএল এবং বিসিপিসিএল এর ফুটবল ও ক্রিকেট প্রতিযোগিতায় এনডব্লিউপিজিসিএল চ্যাম্পিয়ন হয়। অন্যদিকে ব্যাডমিন্টন টুর্ণামেন্টে বিসিপিসিএল এর টিম বিজয়ী হয়।
















অত্র এনডব্লিউপিজিসিএল বার্তায় জানুয়ারী-মার্চ ২০২৩ তারিখের মধ্যে সংঘটিত কোম্পানির গুরুত্বপূর্ণ কার্যাবলীর সচিত্র তথ্যাবলী সকলের সদয় অবগতির জন্য প্রকাশ করা হলো। তথ্যের অবাধ প্রবাহ সুনিশ্চিত করতে ও কোম্পানির কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করতে এ ত্রৈমাসিক প্রকাশনা অনন্য ভূমিকা পালন করবে বলেই আমাদের বিশ্বাস। সকলের আগ্রহের প্রেক্ষিতে ভবিষ্যতেও 'এনডব্লিউপিজিসিএল বার্তা' প্রকাশিত হবে।

উল্লেখ্য, এখানে প্রকাশিত যাবতীয় তথ্যাদির মালিকানা নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ তথা বাংলাদেশ সরকারের। এখানে ব্যবহৃত তথ্যাদি/ছবি শুধুমাত্র সকলকে অবহিত করার জন্য প্রকাশিত হয়েছে। এর বাইরে এ সকল তথ্যাদি ও ছবি বিনাঅনুমতিতে ব্যবসায়িক কাজে ব্যবহারের নিমিত্ত কোনোরূপ মুদ্রণ বা প্রতিলিপি তৈরি করা যাবে না বা অন্য কোনো প্রকাশনায় ব্যবহার করা যাবে না।